

২০২১

বাংলা

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BENG-H-GE-T-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্য যুগ),

ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী]

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) চর্যাপদের আদি নাম কী? পরবর্তীকালে আর কী কী নামে 'চর্যাপদ' পরিচিতি হয়েছিল?
- খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কয়টি খণ্ড? খণ্ডগুলির নাম লেখো।
- গ) বাংলা ভাষায় রচিত প্রথম চৈতন্যজীবনী কাব্যের নাম ও রচয়িতার নাম লেখো।
- ঘ) কৃত্তিবাসী রামায়ণের দুটি বৈশিষ্ট্য লেখো।
- ঙ) 'মনসামঙ্গল' কাব্যের দু'জন প্রধান কবির নাম উল্লেখ করে তাঁদের কাব্যের নাম লেখো।

- চ) চৈতন্য পূর্ববর্তী এবং চৈতন্য পরবর্তী দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ছ) 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' কোন্ কাব্যকে বলা হয়? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে?
- জ) 'রায়গুণাকর' নামে কোন্ কবি খ্যাত? তাঁর কাব্যের নাম কী?
- ঝ) শাক্ত পদকর্তা কমলাকান্ত ভট্টাচার্য কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠত্ব লাভ করেন?
- ঞ) 'গৌরচন্দ্রিকা' কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম লেখো।
- ট) 'রাধার কি হৈল অন্তরে ব্যাথা' — এটি কোন্ পর্যায়ের পদ? পদটির পদকর্তা কে?
- ঠ) অক্ষরবৃত্ত ছন্দের অপর দুটি নাম লেখো।
- ড) মাত্রাবৃত্ত ছন্দের মাত্রাগণনা পদ্ধতি লেখো।
- ঢ) বক্রোক্তি অলংকারের সংজ্ঞা লেখো এবং একটি উদাহরণ দাও।
- ণ) 'এ তো মেয়ে মেয়ে নয় দেবতা নিশ্চয়' — কোন্ অলংকারের উদাহরণ? ব্যাখ্যা করো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 5 = 20$
- ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব আলোচনা করো।
- খ) 'মনসামঙ্গল' কাব্যধারায় বিজয়গুপ্তের শ্রেষ্ঠত্ব আলোচনা করো।

- গ) ‘আজু রজনী হাম ভাগে পোহায়লু’ — কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো।
- ঘ) যে কোনো দুটি অলংকার সম্বন্ধে আলোচনা করো :
অনুপ্রাস, উপমা, উৎপ্রেক্ষা
- ঙ) টীকা লেখো (যে-কোনো একটি):
গোবিন্দদাস, চৈতন্যচরিতামৃত।
- চ) ছন্দোলিপি নির্ণয় করো:
ভাঙছো প্রদেশ, ভাঙছো জেলা জমিজমা ঘরবাড়ি,
পাটের আড়ৎ ধানের গোলা কারখানা আর রেলগাড়ি।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) বাংলা সাহিত্যের ইতিহাসে ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের কাব্যমূল্য ও ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ করো। ৫+৫
- খ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করে তাঁর শ্রেষ্ঠত্বের পরিচয় দাও। ৫+৫
- গ) স্বরবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ২+৮
- ঘ) মাথুরের সংজ্ঞা লেখো। তোমাদের পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো। ২+৮